

মন্ত্রণালয়/বিভাগের নামঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

১। উদ্ভাবনের শিরোনামঃ HFO বিদ্যুৎ কেন্দ্রের ফ্লাশিং অয়েল পুনঃব্যবহারের মাধ্যমে জালানী তেলের সাশ্রয়।

২। কীভাবে যাত্রা শুরু/ পটভূমিঃ

- HFO বিদ্যুৎ কেন্দ্রের ফিডার ইউনিটের অটোমেটিক ফিল্টারে প্রতি দুই ঘন্টা পরপর স্বয়ংক্রিয়ভাবে back flash হয়।
- প্রতিবার back flash এর জন্য আনুমানিক ০৮ থেকে ১০ লিটার, প্রতিদিন প্রায় ১০০ লিটার ভাল মানের ফুয়েল ব্যয় হচ্ছে।
- উক্ত ফ্লাশিং অয়েল সরাসরি স্লাজ ট্যাংক এর সাথে সংযুক্ত থাকার ফলে স্লাজ লাইনে চলে যাচ্ছে, ফলে প্রতিদিন প্রায় ১০০ লিটার ফুয়েল অপচয় হচ্ছে।

৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছেঃ

- HFO বিদ্যুৎ কেন্দ্রের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে হিটরেট, উক্ত আইডিয়া বাস্তবায়নের ফলে হিটরেট কমবে।
- HFO বিদ্যুৎ কেন্দ্রের ফুয়েল লস কমবে।
- অপচয়কৃত ফুয়েল খুব সহজেই পুনঃব্যবহার করা যাচ্ছে।
- HFO বিদ্যুৎ কেন্দ্রের আরো একটি চ্যালেঞ্জ হচ্ছে স্লাজ ব্যবস্থাপনা, উক্ত আইডিয়া বাস্তবায়নের ফলে উৎপাদিত স্লাজের পরিমাণ কমবে, মাসে প্রায় ৩০০০ লিটার স্লাজ কম উৎপাদন হবে।
- প্রতিষ্ঠান আর্থিকভাবে লাভবান হবে। প্রতিদিন (১০০ লিটার * ৪২.৪৩ টাকা)=৪২৪৩ টাকা, মাসে প্রায় ১,২৭,২৯০ টাকা, বছরে প্রায় ১৫ লক্ষ ২৭ হাজার ৪৮০ টাকা। আগামী তের বছরে প্রায় ১ কোটি ৯৮ লক্ষ ৫৭ হাজার ২৪০ টাকা।
- খুব সহজেই বাস্তবায়নের মাধ্যমে খরচের সাশ্রয় হচ্ছে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতিঃ


HFO বিদ্যুৎ কেন্দ্রের ফিডার ইউনিটের অটোমেটিক ফিল্টারের ড্রেইন লাইন মডিফিকেশনের মাধ্যমে HFO স্টোরেজ ট্যাংক এর সাথে সংযুক্ত করলে, খুব সহজেই উক্ত ফুয়েল লস রোধ করা যাচ্ছে। খুব সামান্য বিনিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠান আর্থিকভাবে লাভবান হচ্ছে। উক্ত আইডিয়া বাংলাদেশের প্রতিটি HFO ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রে বাস্তবায়নের মাধ্যমে জালানী তেলের সাশ্রয় করা সম্ভব।

৫। টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিকস্/ছবি/ভিডিওঃ

এক বছরে প্রত্যাশিত ফলাফল (TCV)	সময়	খরচ সাশ্রয় এক বছরে (টাকা)	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের পরে	প্রয়োজ্য নয়।	১৫ লক্ষ ২৭ হাজার ৪৮০ টাকা।	প্রয়োজ্য নয়।

HFO Feeder Unit modification, to reduce Fuel loss:


MODIFIED DESIGN:-



চিত্রঃ নতুন ডিজাইন

HFO Feeder Unit modification, to reduce Fuel loss:

In Existing System:



চিত্রঃ পুরাতন ডিজাইন

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

সদস্য/ সদস্যদের নাম ও ঠিকানা	ছবি
হাবিবুর রহমান (উপ-সহকারী প্রকৌশলী), যান্ত্রিক রক্ষণাবেক্ষণ। রাউজান বিদ্যুৎ কেন্দ্র। বুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড।	